শাহাবুদ্দিন শুভ

অক্টোবর ৮, ২০২২
০১:৫২

সুনামগঞ্জে ইউনিয়ন ৮৮ না ৮৭, তথ্য বাতায়নেও তথ্যবিভ্রাট!

সুনামগঞ্জ জেলায় ১২টি উপজেলা থাকলেও ইউনিয়ন পরিষদের তথ্য খুঁজতে গিয়ে সেখানে ১১টি উপজেলার তথ্য পায় সিলেটপিডিয়া। আবার জামালগঞ্জ উপজেলায় ইউনিয়নের তথ্যে বেশ গড়মিল পরিলক্ষিত হয়। সেখানে জেলা তথ্য বাতায়নে লেখা হয়েছে ৫টি ইউনিয়ন এবং জামালগঞ্জ উপজেলা তথ্য বাতায়নে তা ৬।

আবার ২৬শে জুলাই ২০২১ সালে মধ্যনগরকে উপজেলা হিসেবে ঘোষণা করা হলেও সরকারিভাবে ইউনিয়ন পরিষদগুলো আলাদা করা হয়নি। অন্যদিকে উইকিপিডিয়ার তথ্যের মধ্যে মধ্যনগরকে আলাদা উপজেলা এবং ৪টি ইউনিয়নও উল্লেখ করা হয়েছে।

https://bn.wikipedia.org/wiki/সুনামগঞ্জ_জেলা

				বাদাঘাট, তাহিরপুর এবং বালিজুরি
০৫	শান্তিগঞ্জ	৩০৩.১৭	শান্তিগঞ্জ	**ইউনিয়ন** (৮টি): শিমুলবাক, জয়কলস, পশ্চিম পাগলা, পূর্ব পাগলা, দরগাপাশা, পূর্ব বীরগাঁও, পশ্চিম বীরগাঁও এবং পাথারিয়া
০৬	দিরাই	৪২০.৯৪	দিরাই	**পৌরসভা** (১টি): দিরাই **ইউনিয়ন** (৯টি): রফিনগর, ভাটিপাড়া, রাজানগর, চরনারচর, দিরাই সরমঙ্গল, করিমপুর, জগদল, তাড়ল এবং কুলঞ্জ
০৭	দোয়ারাবাজার	২৬৩.৩৫	দোয়ারাবাজার	**ইউনিয়ন** (৯টি): বাংলাবাজার, নরসিংহপুর, দোয়ারাবাজার, মান্নারগাঁও, পাণ্ডারগাঁও, দোহালিয়া, লক্ষ্মীপুর, বোগলাবাজার এবং সুরমা

০৮	ধর্মপাশা	৫৩১.০১	ধর্মপাশা	**ইউনিয়ন** (৬টি): সুখাইড় রাজাপুর উত্তর, সুখাইড় রাজাপুর দক্ষিণ, ধর্মপাশা, জয়শ্রী, পাইকুরাটি এবং সেলবরষ
০৯	বিশ্বম্ভরপুর	২৪৮.৬৪	বিশ্বম্ভরপুর	**ইউনিয়ন** (৫টি): সলুকাবাদ, ধনপুর, পলাশ, ফতেপুর এবং বাদাঘাট দক্ষিণ
১০	শাল্লা	২৫৬.০৪	শাল্লা	**ইউনিয়ন** (৪টি): আটগাঁও, হবিবপুর, বাহাড়া এবং শাল্লা
১১	সুনামগঞ্জ সদর	২৯০.৭১	সুনামগঞ্জ সদর	**পৌরসভা** (১টি): সুনামগঞ্জ **ইউনিয়ন** (৯টি): রংগারচর, গৌরারং, মোহনপুর, লক্ষণশ্রী, কুরবাননগর, মোল্লাপাড়া, জাহাঙ্গীরনগর, সুরমা এবং কাঠইর
১২	মধ্যনগর		মধ্যনগর	**ইউনিয়ন** (৪টি): বংশীকুণ্ডা উত্তর, বংশীকুণ্ডা দক্ষিণ, চামরদানী এবং মধ্যনগর

মধ্যনগর উপজেলার তথ্য-বাতায়নের যে পাতা রয়েছে সেখানে উপজেলার ‘একনজরে’ অথবা উপজেলা পটভূমিতে মধ্যনগর উপজেলা নিয়ে কোন কিছুই লেখা নেই।

অন্তত সেখানে কত তারিখে উপজেলা ঘোষণা করা হয়েছে সেই তথ্য দেওয়া যেত। আবার উপজেলা তাদের কার্যক্রম কবে শুরু করবে বা এখন তারা কোন সেবা দিচ্ছেন কি না তা লেখা যেত। ইউনিয়ন পরিষদ এখনও তাদের সাথে যুক্ত হয়েছে কি না কিংবা কবে থেকে তাদের সাথে যুক্ত হবে সেই তথ্য যোগ করতে পারলে এই সমস্যা হতো না।

উপজেলা তথ্য বাতায়ন ও উইকিপিডিয়ার তথ্য অনুযায়ী জামালগঞ্জ উপজেলায় ইউনিয়ন পরিষদের সংখ্যা ৬টি কিন্তু জেলা তথ্য-বাতায়নের হিসেবে সেখানে ৫টির উল্লেখ রয়েছে। উপজেলা তথ্য-বাতায়নের হিসেবে জেলায় মোট ইউনিয়নের সংখ্যা ৮৮ এবং জেলা তথ্য-বাতায়নের তথ্য অনুযায়ী তা একটি কমে ৮৭।

https://bn.wikipedia.org/wiki/সুনামগঞ্জ_জেলা

১০	শাল্লা	২৫৬.০৪	শাল্লা	ইউনিয়ন (৪টি): আটগাঁও, হবিবপুর, বাহাড়া এবং শাল্লা
১১	সুনামগঞ্জ সদর	২৯০.৭১	সুনামগঞ্জ সদর	পৌরসভা (১টি): সুনামগঞ্জ ইউনিয়ন (৯টি): রংগারচর, গৌরারং, মোহনপুর, লক্ষণশ্রী, কুরবাননগর, মোল্লাপাড়া, জাহাঙ্গীরনগর, সুরমা এবং কাঠইর
১২	মধ্যনগর		মধ্যনগর	ইউনিয়ন (৪টি): বংশীকুণ্ডা উত্তর, বংশীকুণ্ডা দক্ষিণ, চামরদানী এবং মধ্যনগর

সংসদীয় আসন [সম্পাদনা]

সংসদীয় আসন	জাতীয় নির্বাচনী এলাকা[৭]	সংসদ সদস্য[৮][৯][১০][১১][১২]	রাজনৈতিক দল
২২৪ সুনামগঞ্জ-১	ধর্মপাশা উপজেলা, তাহিরপুর উপজেলা, জামালগঞ্জ উপজেলা এবং মধ্যনগর উপজেলা	মোয়াজ্জেম হোসেন রতন	বাংলাদেশ আওয়ামী লীগ
২২৫ সুনামগঞ্জ-২	দিরাই উপজেলা এবং শাল্লা উপজেলা	জয়া সেনগুপ্ত	বাংলাদেশ আওয়ামী লীগ
২২৬ সুনামগঞ্জ-৩	জগন্নাথপুর উপজেলা এবং শান্তিগঞ্জ উপজেলা	এম. এ. মান্নান	বাংলাদেশ আওয়ামী লীগ
২২৭ সুনামগঞ্জ-৪	সুনামগঞ্জ সদর উপজেলা এবং বিশ্বম্ভরপুর উপজেলা	পীর ফজলুর রহমান	জাতীয় পার্টি
২২৮ সুনামগঞ্জ-৫	দোয়ারাবাজার উপজেলা এবং ছাতক উপজেলা	মুহিবুর রহমান মানিক	বাংলাদেশ আওয়ামী লীগ

ইতিহাস [সম্পাদনা]

প্রাচীনকাল থেকে বহু ভাষাভাষী জাতি, বর্ণ ও ধর্ম নিয়ে বেড়ে উঠেছে সার্বভৌম বাংলাদেশের বর্তমান সিলেট বিভাগের সুনামগঞ্জ অঞ্চল। পৌরাণিক যুগে প্রাচীন কামরূপ বা প্রাগজ্যোতিষপুর রাজ্যের অন্তর্ভুক্ত ছিল সুনামগঞ্জ। সুনামগঞ্জের লাউড় পর্বতে কামরূপ রাজ্যের উপরাজধানী স্থাপন করেছিলেন রাজা ভগদত্ত। রাজা ভগদত্তের শাসনামলে সিলেট বিভাগের হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলাসহ বাংলাদেশের ঢাকা এবং ময়মনসিংহ জেলার মধ্যবর্তী অঞ্চল লাউড় রাজ্যের অধীন শাসিত হত। লাউড়ের গড়ের ভগ্নাবশেষ আজও অত্র অঞ্চলে বিদ্যমান, যা রাজা ভগদত্তের বাড়ি বলে জনশ্রুতিতে ব্যক্ত।[১৩] লাউড় রাজ্যের চতুসীমা ছিল পশ্চিমে ব্রহ্মপুত্র নদ, পূর্বে জৈন্তিয়া, উত্তরে কামরূপ সীমান্ত ও দক্ষিণে বর্তমানে ব্রাহ্মণবাড়িয়া পর্যন্ত। বিলুপ্ত হয়ে যাওয়া এই লাউড় রাজ্যের প্রাচীন নিদর্শন হাওলি প্রকৃতপক্ষে ছিল রাজবাড়ী। এ রাজ্যে স্থপতি রাজা ভগদত্তের ১৯ জন বংশধর সিলেটের বিভিন্ন স্থানে বিভিন্ন সময়ে রাজ্য স্থাপন করে। ৭৫০ খ্রিষ্টাব্দে প্রাচীন লাউড় রাজ্য কামরূপ রাজ্য

www.sunamganj.gov.bd/bn/site/page/93lg-একনজরে-সুনামগঞ্জ

জেলায় উন্নীত : ১লা মার্চ, ১৯৮৪ খ্রি:

বিষয়	বৈশিষ্ট্য
আয়তন	৩৭৪৭.১৮ বর্গ কি.মি.
জনসংখ্যা	২৪,৬৭,৯৬৮ জন। (আদমশুমারী ২০১১)
পুরুষ	১২,৩৬,১০৬ জন।
মহিলা	১২,৩১,৮৬২ জন।
জন সংখ্যার ঘনত্ব	৬৫৯ জন (প্রতি বর্গ কি:মি:)
পুরুষ-মহিলা অনুপাত	১০১:১০০
নির্বাচনী এলাকা	০৫ টি
মোট ভোটার সংখ্যা	১৫,০২,৯৭৩ জন।
পুরুষ ভোটার	৭,৫১,২৬০ জন
মহিলা ভোটার	৭,৫১,৭১৩ জন।
উপজেলা	১২টি
থানা	১২টি

পৌরসভা	৪টি
ইউনিয়ন	৮৭টি
মৌজা	১৫৩৫টি
গ্রাম	২,৮৮৭টি
নগরায়ন	১০.৩৮%
বার্ষিক বৃষ্টিপাত	৩৩৩৪ মি.মি.
বার্ষিক গড় তাপমাত্রা	সর্বোচ্চ ৩৩.২ সেলসিয়াস, সর্বনিম্ন ১৩.৬ সেলসিয়াস
আর্দ্রতা	৭৮%-৯০%

এখন কোন শিক্ষার্থী কিংবা কোন চাকরিপ্রার্থী যদি সুনামগঞ্জ জেলার ইউনিয়নের তথ্য খোঁজ করতে যান তাহলে তাদের বেশ ঝামেলায় পড়তে হবে। সেখানে তারা সরকারের ঘোষণা অনুযায়ী শান্তিগঞ্জ উপজেলার কোন তথ্য খুঁজে পাবে না। আবার মধ্যনগর উপজেলা থাকলে সেখানে নেই কোন ইউনিয়ন পরিষদের তালিকা। তাছাড়া জামালগঞ্জ উপজেলার ইউনিয়নের তথ্য পেতে চাইলে এক জায়গায় বেশী আবার অন্য জায়গায় কম তথ্য দেওয়া আছে। সিলেটপিডিয়া আশা করে সুনামগঞ্জ জেলা ও উপজেলা প্রশাসন এই বিষয়ে নজরদারি বাড়াবেন এবং তথ্য যত তাড়াতাড়ি সম্ভব ঠিক করে নিবেন।

- **শাহাবুদ্দিন শুভ। প্রধান সম্পাদক, সিলেটপিডিয়া**